

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৯৩

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ নাপাকী গোসল সম্পাদনকারী ব্যক্তির জন্য মুস্তাহাব হলো গোসলের সময় চুলের গোড়ায় খেলাল করা

ذِكْنُ اسْتِحْبَابِ تَخْلِيلِ الْجُنُبِ أُصنُولَ شَعْرِهِ عِنْدَ اغْتِسَالِهِ مِنَ الْجَنَابَةِ

আরবী

1193 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا الْقَعْنَبِيُّ عَنْ مَالِكِ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا اغْتَسَلَ مِنَ الْجَنَابَةِ بَدَأَ فَغَسَلَ عَنْ عَائِشَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا اغْتَسَلَ مِنَ الْجَنَابَةِ بَدَأَ فَغَسَلَ يَدَيْهِ ثُمَّ تَوَضَّا كَمَا يَتَوَضَّا لَلِهِ اللَّهِ عَلَيْهِ وَسَلَّهِ ثُمَّ يُونِضُ الْمَاءِ فيخلِّل بِهَا أُصنُولَ شَعْرِهِ ثُمَّ يَصِبُ عَلَى رَأْسِهِ ثَلَاثَ عَرَفَاتٍ بِيَدِهِ ثُمَّ يُفِيضُ الْمَاءَ عَلَى سائر جسده. ثُمَّ يَصِبُ عَلَى رَأْسِهِ ثَلَاثَ عَرَفَاتٍ بِيَدِهِ ثُمَّ يُفِيضُ الْمَاءَ عَلَى سائر جسده. الراوي : عَائِشَة ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصدان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1193 اخلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১১৯৩. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন নাপাকীর গোসল করতেন, প্রথমে তিনি দুই হাত ধৌত করতেন তারপর সালাতের ওযুর ন্যায় ওযু করতেন। তারপর তিনি তাঁর আঙ্গুলগুলো পানিতে প্রবেশ করাতেন অতঃপর তার মাধ্যমে চুলের গোড়ায় খেলাল করতেন। তারপর তাঁর মাথার উপর তিন অঞ্জলি পানি ঢেলে দিতেন। তারপর শরীরের অন্যান্য জায়গার উপর পানি ঢেলে দিতেন।"[1]

ফুটনোট

[1] মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৩৬; সহীহ বুখারী: ২৪৮; নাসাঈ: ১/১৩৪; সুনান বাইহাকী: ১/১৭৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৯৯৯; হুমাইদী: ১৬৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৬৩; মুসনাদ আহমাদ: ৬/১০১; সহীহ মুসলিম: ৩১৬; আবূ দাউদ: ২৪২; তিরমিযী: ১০৪; দারেমী: ১/১৯১; সহীহ ইবনু খুযাইমাহ: ২৪২।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২৪১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন